

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১

নং-১০.০০.০০০০.১২৫.১৮/১.০০২.১২-৪১৫

তারিখ-০৯/০৬/২০১৫খ্রিঃ

বিষয়ঃ পৌরসভা নির্বাচনে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ প্রসঙ্গে।

সূত্রঃ নির্বাচন কমিশন সচিবালয়ের ১৮মে, ২০১৫ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.১৪৬.১১.০০৭.১২-৫৭ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন, ব্রাহ্মণবাড়িয়া জেলার বাহুরামপুর উপজেলার বাহুরামপুর পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে ১২ মে, ২০১৫ তারিখের ১৭.০০.১২০৪.০৩৪.৩৮.০১৩. ১৪-২০০নং স্মারকমূলে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা ২০১০ এর বিধি ১০ অনুযায়ী নির্বাচনের সময়সূচি ঘোষণা করেন। ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ১৫ জুন, ২০১৫ তারিখ সোমবার উক্ত পৌরসভার ভোটগ্রহণের দিন ঘটিয়া করা হয়।

০২। উক্ত নির্বাচন উপলক্ষে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬এ বর্ণিত ক্ষমতাবলে ব্রাহ্মণবাড়িয়া জেলার বাহুরামপুর উপজেলার বাহুরামপুর পৌরসভার নির্বাচনী এলাকায় বিধি ৭২, ৭৪, ৭৫, ৭৬, ৭৭ এর উপ বিধি (১) এবং বিধি ৭৮ এর এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No.V of 1898) এর sub-section (1) of section 190 এর অধীন আমলে নেয়া ও সংশ্লিষ্ট বিচার সম্পন্নোর নিমিত্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করা প্রয়োজন মর্মে পত্র উল্লেখ করা হয়েছে।

০৩। দফা-২ এ উল্লিখিত অনুচ্ছেদসমূহের অপরাধ আমলে নেয়া ও সংশ্লিষ্ট বিচার সম্পন্নোর নিমিত্ত উক্ত পৌরসভার জন্য ০১(এক) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়ে নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত ম্যাজিস্ট্রেট-কে নির্বাচনি এলাকার ভোটগ্রহণের পূর্বের দুই দিন, ভোট গ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ১৩ জুন ২০১৫ হতে ১৬ জুন ২০১৫ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য নিয়োগের নিমিত্ত নির্বাচন কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন।

০৪। নির্বাচন কমিশন সচিবালয়ের অনুরোধের প্রেক্ষিতে দফা-২ এ উল্লিখিত অপরাধসমূহ আমলে নেওয়া ও সংশ্লিষ্ট বিচার সম্পন্নোর জন্য দফা-৩ এ বর্ণিত সময়ের জন্য উক্ত নির্বাচনী এলাকার জন্য নিম্নবর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তা-কে মনোনয়ন প্রদান করা হলো :

ক্রমিক নং	কর্মকর্তার নাম	বর্তমান পদবী ও কর্মস্থল
১	জনাব শরাফ উদ্দিন আহমেদ	সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া


(উৎপল চৌধুরী)

সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১(অঃ)।

কার্যার্থেঃ-

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

[দৃঃ মাঃ বেগম অন্তরা ঘোষ, সিনিয়র সহকারী সচিব (আইন-২)]।

জ্ঞাতার্থেঃ-

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রেসিডেন্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশকের অনুরোধসহ)
- ৮। জনাব শরাফ উদ্দিন আহমেদ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া।